

# এমএসএস খবর

ডিসেম্বর ২০২০ সংখ্যা



## সিটি ব্যাংক ও মানবিক সাহায্য সংস্থা'র মধ্যে কৃষি ঋণ বিতরণ চুক্তি সাক্ষর অনুষ্ঠিত



গত ১৫ ডিসেম্বর সিটি ব্যাংকের প্রধান কার্যালয়ে  
সিটি ব্যাংক ও মানবিক সাহায্য সংস্থা'র  
(এমএসএস) মাঝে একটি কৃষি ঋণ বিতরণ  
বিষয়ক চুক্তি সাক্ষর অনুষ্ঠিত হয়। এই ঋণ চুক্তির  
আওতায় সিটি ব্যাংক মানবিক সাহায্য সংস্থা-কে  
প্রাথমিকভাবে ২৫ কেটি টাকার ঋণ সুবিধা  
প্রদান করবে। তবে এ ঋণ সুবিধার পরিমাণ

তবিষ্যতে আরো বৃদ্ধি করা হবে। এই ঋণের অর্থ  
এমএসএস-এর বিভিন্ন শাখার মাধ্যমে কৃষি খাতে  
বিতরণ করা হবে।

মানবিক সাহায্য সংস্থা'র পক্ষে নির্বাহী পরিচালক  
মুনাওয়ার রেজা খান এবং সিটি ব্যাংকের পক্ষে  
ইতিপি ও মাঝারি উদ্যোগের প্রধান নির্বাহী মোঃ  
নুরুল আলম মজুমদার এই চুক্তি সাক্ষর করেন। চুক্তি  
সাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের সিনিয়র  
কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উভয় প্রতিষ্ঠানের  
কর্মকর্তাগণ মনে করেন, সম্পাদিত এই চুক্তি  
বাংলাদেশের কৃষি উন্নয়নে ভূমিকা রাখবে এবং  
এমএসএস এর বিভিন্ন কর্ম এলাকার কৃষি  
উদ্যোক্তাদের আর্থিক সক্ষমতা সৃষ্টির পথকে সুগম  
করবে।

## ঠাকুরগাঁও ও পঞ্চগড়ে ভাব্যমাণ চক্ষু ক্লিনিক 'নয়নতরী'র বারোটি আই ক্যাম্প আয়োজন



মানুষের দৌরগোড়ায় চক্ষুসেবা পৌছানোর জন্য  
এমএসএস আই কেয়ার প্রোগ্রামের ভাব্যমাণ চক্ষু  
ক্লিনিক 'নয়নতরী'র মাধ্যমে ডিসেম্বর, ২০২০  
ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলায় ১২টি আই ক্যাম্প

আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পগুলোতে মোট  
১৮৬৬ জন চক্ষু রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা  
হয়।

ক্যাম্পে আগত রোগীদের মধ্যে ৫৭১ জনকে চোখ  
পরীক্ষা করে ওষুধ দেওয়া হয়। ডায়াবেটিস পরীক্ষা  
করা হয় ৫৯৩ জন ব্যক্তির। দৃষ্টি সমস্যায় ভোগা  
৪১১ জন রোগীকে দেওয়া হয় চশমা। এছাড়াও  
ক্যাম্পে ছানি সনাক্ত হয় ১৬১ জনের। যাদের  
পরবর্তীতে নির্দিষ্ট তারিখ অনুযায়ী ফ্রি ছানি  
অপারেশন করিয়ে দেওয়া হবে।

## ক্ষুদ্র ঋণ বিষয়ক দুটি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করলো এমএসএস ট্রেইনিং ইউনিট



নিয়মিত প্রশিক্ষণ প্রদানের অংশ হিসেবে ডিসেম্বর,  
২০২০ এ এমএসএস ট্রেইনিং ইউনিট ক্ষুদ্র ঋণ  
বিষয়ক দুটি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করে। প্রশিক্ষণ  
কোর্স দুটির শিরোনাম ছিল -এমএসএমই  
ম্যানেজমেন্ট কোর্স এবং মাইক্রো এন্টারপ্রাইজ  
ডেভেলপমেন্ট কোর্স। এমএসএমই ম্যানেজমেন্ট

কোর্সটি সংস্থার কমিউনিটি বেসেড রিসোর্স সেন্টার  
(সিবিআরসি), সৈয়দপুর, নীলফামারিতে সম্পন্ন  
করা হয়। অন্যদিকে, মাইক্রো এন্টারপ্রাইজ  
ডেভেলপমেন্ট কোর্সটি সম্পন্ন হয় সংস্থার ঢাকাত্ত  
হেড অফিসে।

উল্লেখ্য, এমএসএমই ম্যানেজমেন্ট কোর্সে অংশগ্রহণ  
করে ১৪ জন প্রশিক্ষণার্থী এবং এ কোর্সটি শাখা  
ব্যবস্থাপক, ঋণ সংগ্রহ কর্মকর্তা এবং ব্যবস্থাপনা  
শিক্ষানবিস কর্মকর্তাদের জন্য উপযুক্ত। মাইক্রো  
এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট কোর্সে অংশগ্রহণ করে ১০  
প্রশিক্ষণার্থী এবং কোর্সটি কমিউনিটি উন্নয়ন কর্মকর্তা  
এবং শিক্ষানবিস কমিউনিটি উন্নয়ন কর্মকর্তাদের জন্য  
উপযুক্ত।

## প্লাস্টিকের মাদুর ব্যবসায় বুনা বেগমের দিন বদল



পরিশ্রম, ইচ্ছা আর ভাগ্য সহায় থাকলে মানুষের  
অর্থনৈতিক অবস্থার পরিবর্তন সময়ের ব্যাপার  
মাত্র। রুনা বেগম, এমএসএস এর অসমর ঋণী  
সদস্য। দুই বছর আগেও তার পরিবারের  
অর্থনৈতিক অবস্থা ভালো ছিল না। দৈনন্দিন আয়  
রোজগার আর ছোটখাটো ব্যবসা করে দিন  
চলতো তাদের। থাকতেন টিন শেড বাসায়।  
আর এখন তার অবস্থা রূপকথার গল্পের মতো।

টিন শেড বাসা থেকে ফ্ল্যাট বাসায় এসেছেন।  
ছেলে-মেয়েদের ভালো স্কুলে পড়াচ্ছেন।  
সবচেয়ে বড় কথা তার মাধ্যমে ৪১টি পরিবারে  
কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে! নওগাঁর কাঠালতলী  
এলাকাকার এই উদ্যোগা ২ বছর আগে  
এমএসএস-এর কাছ থেকে চার লক্ষ টাকার ঋণ  
সহায়তা নেন। আর দু বছর পর তার বর্তমান  
মূলধন ৬০ লক্ষ টাকায় এসে দাঁড়িয়েছে। মাসিক  
আয় ২ লাখ টাকার উপরে। অবস্থাটা রূপকথার  
মতোই তো, তাই না? কিন্তু রুনা বেগমের  
রূপকথার এই গল্প একদিনেই তৈরি হয়নি, সময়  
লেগেছে। তার এই সফলতা যে একক পরিশ্রমের  
ফসল নয় তা তিনি খুব স্পষ্ট করেই বলেছেন।

“আমার স্থামী (মোঃ আবু রাশেদ) আমাদের এই  
ব্যবসা সম্প্রসারণের জন্য মেধা ব্যয় করেছেন।  
আমার কর্মচারিও অনেক পরিশ্রম করেছেন।  
এমএসএস আমাকে ঋণ দিয়ে সহায়তা করেছে।  
সমিলিত প্রচেষ্টায় আমাদের এ দিন বদল  
হয়েছে। আমি আমার স্থামী, এমএসএস এবং  
আমার কর্মচারিদের প্রতি কৃতজ্ঞ।”

এটি মানবিক সাহায্য সংস্থা'র মিডিয়া অ্যালিঙ্গ প্রকল্পের  
ইউনিটের একটি প্রকাশনা  
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পাটিম পাটপথ, ঢাকা -১২০৫